# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

(পেট্রোবাংলার একটি প্রতিষ্ঠান)

www.bapex.com.bd

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স |
| তারিখ | : | ১৪-০৩-২০২১ |
| সময় | : | দুপুর : ২.০০ ঘটিকা |
| স্থান | : | বাপেক্স বোর্ড রুম |

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের জন্য বাপেক্স এর করণীয় নির্ধারণের উদ্দেশ্যে অদ্যকার সভায় উপস্থিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকগণসহ সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপমহাব্যবস্থাপক (সেবা) আলোচ্য বিষয়ে সূচনা বক্তব্য প্রদান করে গত ০৭-০৩-২০২১ তারিখে পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার সিদ্ধান্তের ধারাবাহিকতায় আলোচনার জন্য কোম্পানি সচিব মহোদয়কে অনুরোধ করেন। এতদপ্রেক্ষিতে কোম্পানি সচিব, বাপেক্স সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে গত ০৭-০৩-২১ তারিখে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানি পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান/কর্মসূচি পালনের জন্য যে সকল নির্দেশনা/সিদ্ধান্ত প্রদান করা হয়েছে তন্মধ্যে বাপেক্স এর জন্য প্রযোজ্য ও সংশ্লিষ্ট নির্দেশনা/সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্দেশ্যে অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্রম | কার্যক্রম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় পতাকা উত্তোলন | জাতীয় পতাকা উত্তোলন সংক্রান্তে বিস্তারিত আলোচনা শেষে ১৭ই মার্চ, ২০২১ তারিখে বাপেক্স এর প্রধান কার্যলয়সহ সকল দপ্তর ও স্থাপনায় পতাকা বিধিমালা ১৯৭২ অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন এর সিদ্ধান্ত গৃহীত হয়। | সেবা উপবিভাগ ও আঞ্চলিক কার্যালয় চট্টগ্রাম এবং সকল স্থাপনা প্রধান | |
| ০২ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন | জিটিসিএল অফিস প্রাঙ্গনে স্থাপিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে বাপেক্সের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে অনধিক ২৫ জন কর্মকর্তা-কর্মচারী স্বাস্থ্যবিধি অনুসরণপূর্ব বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক ও শ্রদ্ধার্ঘ অর্পণের উদ্দেশ্যে বাপেক্স ভবনে সকাল ৭.৩০ ঘটিকায় সমবেত/একত্রিত হয়ে জিটিসিএল-এর উদ্দেশ্যে যাত্রা করবেন। ব্যানারের ডিজাইন ও বক্তব্য পেট্রোবাংলা হতে সংগৃহিত হবে। উপমহাব্যবস্থাপক (আইসিটি)-এর সহযোগীতায় সাধারণ সম্পাদক, অফিসার ওয়েলফেয়ার এসোসিয়েশন পুষ্পস্তবক ও ব্যানার প্রস্তুত করবে। | সভাপতি ও সাধারণ সম্পাদক, বাপেক্স অফিসার ওয়েলফেয়ার এসোসিয়েশন | অফিসার ওয়েলফেয়ার এসোসিয়েশন-এর সাধারণ সম্পাদক পুষ্পস্তবক ও ব্যানার নিয়ে পূর্বাহ্নে জিটিসিএল-এ উপস্থিত থাকবেন। |
| ০৩ | বিশেষ মোনাজাত/ প্রার্থনার আয়োজন | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বাপেক্স ভবনের কনফারেন্স রুমে দোয়া/মোনাজাত আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। দোয়া ও মোনাজাত শেষে দুপুরের খাবার পরিবেশনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেবা উপবিভাগ | |
| ০৪ | প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউন ইত্যাদির মাধ্যমে ভবন সজ্জিতকরণ | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধা জানিয়ে প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ নতুন ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউন ইত্যাদির মাধ্যমে বাপেক্স ভবন সজ্জিতকরণ করতে হবে। | সেবা উপবিভাগ | আইসিটি উপবিভাগ প্রয়োজনীয় সহযোগীতা করবে |
| ০৫ | আলোকসজ্জা | বাপেক্স ভবন ১৭ই মার্চ হতে ২৬ মার্চ (২৫ মার্চ বাদে) দৃষ্টিনন্দন আলোকসজ্জা করতে হবে। | সেবা উপবিভাগ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাপেক্স ভবন স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা ও পরিষ্কার পরিচ্ছন্নতাকরণ কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেবা উপবিভাগ | |
| ০৭ | হাসপাতাল, শিশু পরিবার ও এতিমখানায় মিষ্টান্ন বিতরণ এবং উন্নতমানের খাবার পরিবেশন | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ১৭ই মার্চ ২০২১ তারিখে জামিয়া ইসলামিয়া দিলু রোড মাদরাসা ও এতিমখানা ৩৯/এ, দিলু রোড মগবাজার, ঢাকায় বিশেষ মোনাজাত ও উন্নতমানের খাবার পরিবেশনের জন্য কোম্পানির সিএসআর তহবিল হতে ৬৫,০০০.০০(পঁয়ষট্টি হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | জন্মশতবার্ষিকী উদযাপন মনিটরিং কমিটি ও সেবা উপবিভাগ | মাদরাসার ছাত্র শিক্ষকসহ মোট ৬০০ জনের দুপুরের খাবার বিতরণ করা হবে। |
| ০৮ | মুজিব শতবর্ষের থিম সংগীত ব্যবহার | জন্মশতবার্ষিকীর কর্মসূচী বাস্তবায়নকালে সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রকাশিত (লিংক https://mujib100.gov.bd/pages/mujib/themesong-en.html) মুজিব শতবর্ষের থিম সংগীত সংগ্রহপূর্বক ব্যবহার করতে হবে। বাপেক্স ভবনের লিফট সংলগ্ন মনিটরে সাউন্ড সিস্টেম স্থাপনপূর্বক থিম সংগীত প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে। | আইসিটি উপবিভাগ। | |
| ০৯ | জন্মশতবার্ষিকী ওয়েবসাইটে প্রকাশিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ভিডিও ক্লিপিংস/ফুটেজ প্রচার/প্রদর্শন | জন্মশতবার্ষিকীর ওয়েবসাইটে (https://mujib100.gov.bd) প্রকাশিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ভিডিও ক্লিপিংস/ফুটেজ (ডকুমেন্টরি) কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রচার/প্রদর্শন করতে হবে। | আইসিটি উপবিভাগ। | |
| ১০ | মুজিব কর্নার স্থাপন | বাপেক্স ভবনে উপর্যুক্ত স্থান নির্বাচনপূর্বক লাইব্রেরীসহ মুজিব কর্নার স্থাপন করতে হবে। | পরিকল্পনা ও প্রশাসন বিভাগ | |
| ১১ | জন্মশতবার্ষিকীর কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র সংরক্ষণ ও কেন্দ্রীয়ভাবে প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ | জন্মশতবার্ষিকীর কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র সংরক্ষণ ও কেন্দ্রীয়ভাবে প্রচারের নিমিত্তে জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ জন্য কোম্পানির গৃহীতব্য কর্মসূচির বিবরণী প্রস্তুতপূর্বক পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | আইসিটি উপবিভাগ। | |
| ১২ | জন্মশতবার্ষিকী উদ্‌যাপন মনিটরিং কমিটি | মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস), আহ্বায়ক, উপমহাব্যবস্থাপক (সেবা), সদস্য সচিব, সিবিএ, অফিসার ওয়েলফেয়ার এসোসিয়েশন ও বাসাক্রীপের প্রতিনিধি এবং সকল বিভাগের মহাব্যবস্থাপকদের সমন্বয়ে জন্মশতবার্ষিকী উদ্‌যাপন মনিটরিং কমিটি করতে হবে। | প্রশাসন বিভাগ | |
| ১৩ | প্রধান কার্যালয় ব্যতীত অন্যান্য স্থাপনায় জন্মশতবার্ষিকী উদ্‌যাপন | প্রধান কার্যালয় ব্যতীত কোম্পানির আঞ্চলিক কার্যালয় চট্টগ্রাম, খনন/ওয়ার্কওভার প্রকল্প, গ্যাসক্ষেত্র ও অন্যান্য স্থাপনায় যথাযোগ্য মর্যাদায় জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়ে নির্দেশনামূলক অফিস আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ব্যবস্থাপনা পরিচালক
বাপেক্স

বিতরণ:

০১। পরিচালক/মহাব্যবস্থাপক.......................................বাপেক্স
০২। উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ফিল্ড ইনচার্জ/খনন অধিকর্তা...........................................বাপেক্স
০৩। অফিস কপি।